রূপপুরের প্রথম ইউনিটে পরীক্ষামূলক বিদ্যুৎ উৎপাদন শুরু



ছবি: সংগৃহীত

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে পরীক্ষামূলক বিদ্যুৎ উৎপাদনের কার্যক্রম শুরু হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়া শুরুর অনুমোদন পাওয়ার পর চুল্লিতে পারমাণবিক বিক্রিয়া চালুর কার্যক্রম এগিয়ে নেওয়া হয়।

এ পর্যায়ে চুল্লিতে প্রথমবারের মতো স্বয়ংসম্পূর্ণ চেইন রিঅ্যাকশন বা পরমাণুর বিভাজন প্রক্রিয়া শুরু হয়েছে। পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের ভাষায় এ ধাপকে বলা হয় ক্রিটিক্যালিটি। এর মাধ্যমে চুল্লির শক্তি উৎপাদন সক্ষমতা ধীরে ধীরে বাড়ানোর প্রক্রিয়া শুরু হলো।

প্রথম ইউনিটে এ পর্যায়ে পৌঁছানোর আগে বেশ কয়েকটি পরীক্ষা সম্পন্ন করতে হয়েছে। আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থার (আইএইএ) নির্দেশনা অনুসরণ করে রাশিয়ার সহযোগিতায় নির্মিত প্রকল্পটির 'বি-১' ধাপের কাজ মোটামুটি সফলভাবে শেষ হয়। এ সময় স্বয়ংক্রিয় চাপ প্রশমন ভালভের পরীক্ষা নিয়ে জটিলতা দেখা দিলেও তা সমাধান করা হয়েছে।

বর্তমানে ইউনিটটির 'বি-২' ধাপের কার্যক্রম চলছে। এ পর্যায়ে চুল্লিকে প্রাথমিকভাবে চালুর উপযোগী করে প্রস্তুত করা হয়। এরপরই ক্রিটিক্যালিটি অর্জনের প্রক্রিয়া শুরু হয়। উৎপাদন সক্ষমতা ৩০০ মেগাওয়াটে পৌঁছালে জাতীয় সঞ্চালন গ্রিডে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ সরবরাহ করা হবে।

অন্যদিকে, কেন্দ্রটির দ্বিতীয় ইউনিটের জন্যও প্রস্তুতি এগিয়ে নিচ্ছে রাশিয়া। ভিভিইআর-১২০০ রিঅ্যাক্টরে প্রাথমিক জ্বালানি লোডিংয়ের লক্ষ্যে জ্বালানি সরবরাহ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকালে দেওয়া এক বিজ্ঞপ্তিতে রাশিয়ার পরমাণু শক্তি সংস্থা রোসাটম এ তথ্য জানিয়েছে।